

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ৯ শিক্ষার্থী বহিষ্কার

নোয়াখালী প্রতিনিধি

০৮ জুন ২০২৪, ০৮:১৬ পিএম



নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়। ছবি: সংগৃহীত

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) বিভিন্ন বিভাগের ৯ জন শিক্ষার্থীকে বিভিন্ন মেয়াদে বহিষ্কার করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। পরীক্ষায় অসদুপায় অবলম্বনে অভিযুক্ত হওয়ায় তাদের বিরুদ্ধে এ পদক্ষেপ নেওয়া হয়।

গত বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার ও ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা শাখা) স্বাক্ষরিত এক অফিস আদেশে এ তথ্য জানানো হয়।

অফিস আদেশে বলা হয়, গত ২১ মে অনুষ্ঠিত বিশ্ববিদ্যালয়ের শৃঙ্খলা বোর্ডের সভার সিদ্ধান্তক্রমে সম্প্রতি অনুষ্ঠিত বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন শিক্ষাবর্ষের টার্ম পরীক্ষায় দোষণীয় কাগজপত্র (নকলের উপাদান) আনা এবং তা থেকে দেখে লেখার কারণে বিভিন্ন বিভাগের ৮ জন শিক্ষার্থীকে ১ বছরের জন্য এবং ১ জন শিক্ষার্থী ২ বছরের জন্য বহিষ্কারসহ সংশ্লিষ্ট সেমিস্টারের পরীক্ষা বাতিল করা হয়।

অফিস আদেশ থেকে জানা যায়, কোর্সের পরীক্ষা চলাকালীন অবৈধ কাগজপত্র সঙ্গে রাখা ও তা থেকে দেখে লেখার অপরাধে ইইই বিভাগের ২০২১-২২ শিক্ষাবর্ষের ও ২০১৮-১৯ শিক্ষাবর্ষের ২ জন শিক্ষার্থী, আইন বিভাগের ২০২১-২২ শিক্ষাবর্ষ ও ২০২০-২১ শিক্ষাবর্ষের ২ জন শিক্ষার্থী, বিএমবি বিভাগের ২০২১-২২ শিক্ষাবর্ষের ১ জন শিক্ষার্থী, সিএসটিই বিভাগের ২০২১-২২ শিক্ষাবর্ষের ১ জন, অর্থনীতি বিভাগের ২০২০-২১

শিক্ষাবর্ষের ১ জন, ফিমস বিভাগের ২০২১-২২ শিক্ষাবর্ষের ১ জনসহ মোট ৮ জনকে সংশ্লিষ্ট সেমিস্টারের পরীক্ষাসহ ১ বছরের জন্য এবং এসিসিই বিভাগের ২০২১-২২ শিক্ষাবর্ষের ১ জন শিক্ষার্থীকে সংশ্লিষ্ট সেমিস্টারের পরীক্ষাসহ ২ বছরের জন্য বহিষ্কার করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন।

বহিষ্কৃতরা হলেন, ২০২১-২২ শিক্ষাবর্ষের ইইই বিভাগের আনাস আবদুল্লাহ আল সামি, আইন বিভাগের সালমান ইস্পাহানি সায়মন, একই বিভাগের জিয়াউর রহমান মোজাহেদ, বিএমবি বিভাগের মো. রিদওয়ান ইসলাম, সিএসটিই বিভাগের রাশেদুল আলম নয়ন, অর্থনীতি বিভাগের সাজিয়া আফরিন, ফিমস বিভাগের ইয়াসিন আরাফাত, এসিসিই বিভাগের আদনান সোহেল রুহুল ও ২০১৮-১৯ শিক্ষাবর্ষের ইইই বিভাগের মাহবুব আল হোসাইন।

এদের মধ্যে এসিসিই বিভাগের আদনান সোহেল রুহুলকে দুই বছর এবং বাকিদের এক বছরের জন্য বিশ্ববিদ্যালয় থেকে বহিষ্কার করা হয়েছে।

বিশ্ববিদ্যালয়ের প্রক্টর ও শৃঙ্খলা বোর্ডের সদস্য অধ্যাপক ড. মো. আনিসুজ্জামান রিমন বলেন, পরীক্ষায় অসদুপায় অবলম্বন করার কারণে বিশ্ববিদ্যালয়ের বিধি মোতাবেক অভিযুক্ত ৯ শিক্ষার্থীকে সংশ্লিষ্ট সেমিস্টারের পরীক্ষা বাতিলসহ বিভিন্ন মেয়াদে বহিষ্কারাদেশ দেওয়া হয়েছে।

নোয়াখালী